

আমি কী ব'লে করিব নিবেদন

আমার হৃদয় প্রাণ মন ॥

চিন্তে আসি দয়া করি      নিজে লহো অপহরি,  
করো তারে আপনারি ধন— আমার হৃদয় প্রাণ মন ॥

শুধু ধুলি, শুধু ছাই,      মূল্য যার কিছু নাই,  
মূল্য তারে করো সমর্পণ      স্পর্শে তব পরশরতন !

তোমারি গৌরবে যবে      আমার গৌরব হবে

সব তবে দিব বিসর্জন—

আমার হৃদয় প্রাণ মন ॥

---

Parjaay: Puja, Taal: Ardha Jhaptaal, Raag: Sindhu Baroa

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail